

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنَّسَاء

আয়াতঃ ৪:১০৯

আরবি মূল আয়াত:

هٰ انتُم هٰ وُلَآءِ جٰدَلتُم عَنهُم فِي الحَيٰوةِ الدُّنيَا فَمَن يُّجَادِلُ اللهَ عَنهُم يَومَ القِيْمَةِ الوَيْمَةِ المُنْ اللهُ عَنهُم يَومَ القِيمَةِ الم مَّن يَّكُونُ عَلَيهِم وَكِيلًا ﴿١٠٩﴾

▲ ▼ অনুবাদসমূহ:

হে, তোমরাই তো তারা, যারা দুনিয়ার জীবনে তাদের পক্ষে বিতর্ক করেছ। সুতরাং কিয়ামতের দিন তাদের পক্ষে আল্লাহর সাথে কে বিতর্ক করবে? কিংবা কে হবে তাদের তত্ত্বাবধায়ক? — আল-বায়ান

দেখ, ওরা সেই লোক যাদের পক্ষে পার্থিব জীবনে তোমরা বিতর্ক করছ কিন্তু ক্বিয়ামাত দিবসে তাদের পক্ষ হতে আল্লাহর সম্মুখে কে ঝগড়া করবে? কিংবা কে তাদের উকীল হবে? — তাইসিক্রল

সাবধান! তোমরাই ঐ লোক যারা ওদের পক্ষ হতে পার্থিব জীবন সম্বন্ধে বিতর্ক করছ; কিন্তু কিয়ামাত দিবসে তাদের পক্ষ হতে কে আল্লাহর সাথে বিতর্ক করবে এবং কে তাদের কার্য সম্পাদনকারী হবে? — মুজিবুর রহমান

Here you are - those who argue on their behalf in [this] worldly life - but who will argue with Allah for them on the Day of Resurrection, or who will [then] be their representative? — Sahih International

১০৯. দেখ, তোমরাই ইহ জীবনে তাদের পক্ষে বিতর্ক করছ; কিন্তু কিয়ামতের দিন আল্লাহর সম্মুখে কে তাদের পক্ষে বিতর্ক করবে অথবা কে তাদের উকিল হবে?

তাফসীরে জাকারিয়া

(১০৯) দেখ, তোমরাই পার্থিব জীবনে তাদের স্বপক্ষে বিতর্ক করেছ; কিন্তু কিয়ামতের দিন আল্লাহর সম্মুখে কে তাদের স্বপক্ষে কথা বলবে অথবা কে তাদের উকিল হবে? [1]

[1] অর্থাৎ, এই পাপের কারণে যখন তার পাকড়াও হবে, তখন আল্লাহর পাকড়াও থেকে তাকে কে বাঁচাতে পারবে?

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=602

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন